“মানুষ তার বন্ধুর দ্বীনের উপর হয়। অতএব তোমাদের প্রত্যেককে দেখা উচিত কাকে বন্ধু বানাবে”।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “মানুষ তার বন্ধুর দ্বীনের উপর হয়। অতএব তোমাদের প্রত্যেককে দেখা উচিত
কাকে বন্ধু বানাবে”।
[হাসান] [এটি আবূ দাউদ, তিরমিযী ও আহমাদ বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বর্ণনা করেছেন, মানুষ অভ্যাসে ও চরিত্রে তার অন্তরঙ্গ বন্ধু ও দোস্তের মত হয়। বন্ধুত্ব আচরণ, চরিত্র ও স্বভাবে প্রভাব ফেলে। এই জন্য তিনি ভালো বন্ধু নির্বাচন করতে নির্দেশ দিয়েছেন। কারণ, বন্ধু তার বন্ধুকে ঈমান, হিদায়াত ও কল্যাণের পথ দেখাবে এবং তার সহযোগী হবে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3122